

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-০২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০২৮.১৮.৮২

তারিখ: ২ কার্তিক ১৪২৭

১৮ অক্টোবর ২০২০

বিষয়: পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলার তাফালবাড়ীয়া মহিলা আলীম মাদ্রাসায় ৫টি শূন্য পদে অনিয়মতান্ত্রিক নিয়োগ প্রক্রিয়া বন্ধ ও অবৈধ ভারপ্রাপ্ত অধ্যক্ষ পরিবর্তন প্রসঙ্গে উত্থাপিত অভিযোগ বিষয়ে তদন্তক্রমে মতামত ও করণীয় সম্পর্কে সুপারিশসহ প্রতিবেদন টিএমডিতে প্রেরণ।

সূত্র: জনাব ডা: মো: রুস্তম আলী ফরাজী, এম.পি. বাংলাদেশ জাতীয় সংসদ এবং সভাপতি, সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির নিকট হতে প্রাপ্ত ডি.ও পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব ডা: মো: রুস্তম আলী ফরাজী, এম.পি. বাংলাদেশ জাতীয় সংসদ এবং সভাপতি, সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক বিষয়ে বণিত অভিযোগ উল্লেখক্রমে ডিও পত্র পাওয়া গেছে।

০২. অভিযোগের গুরুত্ব বিবেচনায় বিষয়টি তদন্ত হওয়া প্রয়োজন বিধায় তদন্তের সুবিধার্থে নিম্নবর্ণিত কর্মপরিধির (ToR) নিধারণ করা হয়েছে-

তদন্তের কর্মপরিধি (ToR):

(ক) তাফালবাড়ীয়া মহিলা আলীম মাদ্রাসার অধ্যক্ষের কাম্য শিক্ষাগত যোগ্যতা রয়েছে কিনা?

(খ) শূন্য পদে জনবল নিয়োগে বহুল প্রচারিত ০২(দুই)টি দৈনিক পত্রিকার পরিবর্তে নাম মাত্র পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে কিনা;

(গ) হিসাব সহকারী পদে বর্তমান অধ্যক্ষের ছেলেকে বিধি বর্হিভূতভাবে নিয়োগ দেয়ার পদক্ষেপ নেয়া হচ্ছে কিনা; এবং

(ঘ) অভিযোগ প্রমাণিত ও অপ্রমাণিত হয়েছে কিনা এ বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান।

(ঙ) অভিযোগ প্রমাণিত হলে দায়ী ব্যক্তির বিরুদ্ধে কোন আইনের বিধান অনুযায়ী কি কি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে এবং ক্ষমতাবান কর্তৃপক্ষ কে ?

০৩. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়াদি বিবেচনায় নিম্নে তদন্তক্রমে (পরিচালক পযায়ের নিম্নপদের নয়) মতামত ও সুপারিশসহ প্রতিবেদন (ডি.জি, ডিএমই এর মতামতসহ) আগামি ০৫.১১.২০ খ্রি: এর মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো

সংযুক্তি: ০১(এক) পাতা।

১৮-১০-২০২০

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব

ফোন: ৯৫৪৯৩৯৬

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, (৭ম ও ১০ম তলা)

নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০২৮.১৮.৮২/১(৩)


তারিখ: ২ কার্তিক ১৪২৭  
১৮ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



১৮-১০-২০২০

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব